যুগান্তর

তারিখ ......
পৃষ্ঠা ...... কলাম ......

# আজ চবি খুলছে : ছাত্রলীগ হরতাল ডেকেছে

চট্টগ্রাম ব্যুরো

উত্তেজনাকর পরিস্থিতির মধ্য দিয়ে আজ মঙ্গলবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খুলছে। গতকাল সোমবার উপাচার্যের সঙ্গে সদ্য গঠিত ১৪ সদস্যের পর্যবেক্ষক দলের বৈঠকে বিশ্ববিদ্যালয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। রাজনৈতিক সংঘাত, দর্গাপূজা, পবিত্র রমজান, ঈদুল ফিতর, বিজয় দিবস, বড়দিনের ছুটি উপলক্ষে দীর্ঘ পাঁচ মাস ধরে থেমে থেমে বন্ধ রয়েছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সিনিয়র সহ-সভাপতি আলী মর্তুজা চৌধুরীর হত্যার প্রতিবাদে আজ সকাল ৬টা থেকে বিকাল ২টা পর্যন্ত উত্তর চট্টগ্রাম ও বিশ্ববিদ্যালয়ে হরতালের ডাক দিয়েছে। ছাত্রলীগ বলেছে, মর্তুজার হত্যাকারী শিবির সন্ত্রাসীদের গ্রেফতার না করা পর্যন্ত বিশ্ববিদ্যালয় খুলতে দেয়া হবে না। শিবির এ হত্যার সঙ্গে জড়িত থাকার কথা অস্বীকার করছে। চবি ছাত্রদল এ হত্যাকাণ্ডের নিন্দা জানিয়ে সংশ্লিষ্টদের গ্রেফতারের দাবি জানিয়েছে। গত ২৯ ডিসেম্বর নিজ বাড়ি ছড়ারকুলের একটি সেলুনে বসা অবস্থায় সশস্ত্র সন্ত্রাসীদের ব্রাশফায়ারে আলী মর্তুজা চৌধুরী নিহত হন। আলী মর্তুজা চৌধুরীর হত্যার ঘটনায় ৬ জনকে আসামি করে হাটহাজারী থানায় গতকাল সোমবার একটি হত্যা মামলা দায়ের করা হয়। মামলার আসামিদের মধ্যে রয়েছে শিবিরের দুর্ধর্ষ ক্যাডার ও চাঞ্চল্যকর এইট মার্ডারের প্রধান আসামি হাবিব খান, এইট মার্ডারের অন্যতম আসামি বাইট্যা আলমগীর, সাইফুল ইসলাম, গিট্টু নাছির, আবদুল্লাহ আল মামুন ও দিদারুল আলম মজুমদার। শেষের দু'জনের নাম এইট মার্ডার এজাহারে নেই। পারিবারিকভাবে এ মামলা দায়ের করা হয় বলে হাটহাজারী থানা পুলিশ জানায়।

গতকাল সোমবার বিকালে উপাচার্য প্রফেসর মোহাম্মদ ফজলী হোসেন ও উপ-উপাচার্য প্রফেসর শামসুদ্দীন বিদ্যমান পরিস্থিতি [illegible] পর্যবেক্ষক দলের সঙ্গে তার কার্যা[illegible] আলোচনা করেন। রসায়ন বিভাগের [illegible] শিক্ষক প্রফেসর আবু সালেহর নেতৃত্বে গ[illegible] এ দলের অন্য সদস্যরা হলেন- ড. মুহ[illegible] আবদুল হাই, ড. মনীন্দ্র কুমার রায়, মোহাম্মদ আনিসুল ইসলাম, ড. [illegible] কালাম আজাদ, প্রফেসর এএনএম ওয়া[illegible] রহমান, ড. একেএম শাহজাহান কবির মোঃ মতিউর রহমান, ড. মোঃ আলাউ[illegible] ড. নুরুল আনোয়ার, প্রক্টর প্রফেসর আবদুল হাকিম, ড. মোঃ লুৎফর রহমান তৌহিদ হোসেন চৌধুরী ও ড. সি[illegible] আহমেদ চৌধুরী। বৈঠকে ড. আবদুল হা[illegible] ড. আবুল কালাম আজাদ ছাড়া [illegible] উপস্থিত ছিলেন। এতে বিশ্ববিদ[illegible] সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অভিভাব[illegible] শিক্ষার্থীদের সহযোগিতা কামনা করা [illegible] বৈঠকে জেলা পুলিশ সুপারও উপ[illegible] ছিলেন।

চবি ছাত্রলীগের লাগাতার অবরোধ আহ্ব[illegible] পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় প্রশাসন [illegible] প্রহরায় বাস ও শাটল ট্রেন চালানোর সি[illegible] নিয়েছে বলে জানা গেছে।